

তারিখঃ ০৯ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ  
২৪ নভেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

QF-PRJ-06

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১. ১৩৪

চেয়ারম্যান  
এস.এস.স্টীল (প্রাঃ) লিঃ  
১৭/সি পাহুপথ, ঢাকা-১২০৭।  
ফোন-০১৭৮৭৬৭৯৯৮৭।

**বিষয়ঃ লোড ছাড়পত্র প্রদান।**

- |  |   |
|--|---|
| সূত্রঃ (১) আবেদন নং-১৮৬১ (টঙ্গী পশ্চিম), এসইপিএন্ডডি-৮৫৮, তাং-০৬/০৫/২০১৮ ইং। | (৬) ০২/০২/২১ তারিখের পে-অর্ডার নং-১৫০২০৯৬ (ট্রাস্ট ব্যাংক লিঃ) টাকা= ১১,৫০,০০০/-    |
| (২) স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৮.১১৯০, তাং- ০৯/০৮/২০১৮ ইং।            | (৭) ০২/০২/২১ তারিখের পে-অর্ডার নং-২৯৩৮৮৩০ (ব্যাংক এশিয়া লিঃ) টাকা= ৮৮,৫০,০০০/-     |
| (৩) স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৮.১৪৮৫, তাং- ৩১/১০/২০১৮ ইং।            | (৮) ২২/০৯/২১ তারিখের পে-অর্ডার নং-২২২২৩৫৯ (এনআরবিসি ব্যাংক লিঃ) টাকা= ৯০,৬৪,২৮৪/-   |
| (৪) আপনার গত ২১/০৯/২০২০ খ্রিঃ এবং ১৬/১১/২০২০ খ্রিঃ তারিখের আবেদন।            | (৯) স্মারক নং-২৭.২৪.০০০০.০৩৩.৩১.০০১.২১.৮৯৬, তারিখ-০২/১১/২০২১ খ্রিঃ।                 |
| (৫) স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২০.১২৬৪, তাং-০২/১২/২০২০ ইং।             | (১০) ২২/১১/২১ তারিখের পে-অর্ডার নং-২৫৪৮০১৯ (এনআরবিসি ব্যাংক লিঃ), টাকা = ৪,৫০,০০০/- |


বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, 'এস.এস.স্টীল (প্রাঃ) লিঃ', প্লট-০৪, ব্লক-বি, ১/এ মিল গেট, টঙ্গী শি/এ, গাজীপুর স্থাপনার জন্য বিদ্যমান ২০০০ কিঃওঃ এর অতিরিক্ত ১০,০০০ কিঃওঃ অর্থাৎ সর্বমোট (২০০০+১০,০০০) = ১২,০০০ (বার হাজার) কিঃওঃ লোড ছাড়পত্রের আবেদনের প্রেক্ষিতে ডিসেম্বর-২০২১ খ্রিঃ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্র প্রদান করা হলাঃ-

**শর্তসমূহঃ**

- ১। ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রযোজ্য হবে।
- ২। বিদ্যুৎ চাহিদা ৮০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেভি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্লান্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- ৩। সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (টঙ্গী পশ্চিম) বরাবর আবেদন করতে হবে।
- ৪। বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকো'র 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- ৫। সংযোগ গ্রহণের পর ডেসকো নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- ৬। সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-৮৯ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রযোজ্য হবে।
- ৭। উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- ৮। ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলেও কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility ডেসকো'র সম্পদ বলে গণ্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- ৯। ভূ-গর্ভস্থ ক্যাবল লেইং কাজের জন্য যথাযথ কর্তৃপক্ষ (সিটি কর্পোরেশন/রাজউক/সংশ্লিষ্ট সংস্থা) হতে রাস্তা খননের প্রয়োজনীয় অনুমোদন নিজ ব্যয়ে ও নিজ দায়িত্বে সংগ্রহ করে ডেসকো বরাবর জমা প্রদান করতে হবে।
- ১০। আপনার স্থাপনার বিদ্যুৎ সংযোগের জন্য বরাদ্দকৃত ৩৩ কেভি সার্কিট হতে ভবিষ্যতে পার্শ্ববর্তী গ্রাহককে সংযোগ প্রদানের বিষয়টি বিবেচনায় নিয়ে আপনার স্থাপনায় ৩৩ কেভি উপকেন্দ্র বা প্রধান সড়কের পার্শ্বে ৩৩ কেভি RMU স্থাপনের জন্য ১৫'x১৫'x১২' বর্গফুটের একটি কক্ষ সংরক্ষণের জন্য অনুরোধ করা হল।
- ১১। উক্ত ছাড়পত্র ডিসেম্বর-২০২১ খ্রিঃ পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকো'র সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

  
২৭/১১/২১  
(প্রকৌঃ মোঃ আশরাফুল ইসলাম)  
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।

**অনুলিপি (সদয় অবগতির জন্য) :**

- ১। প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএন্ডডি অপারেশন, ইস্ট জোন-২।
- ৩। নির্বাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (টঙ্গী পশ্চিম)।
- ৪। অফিস কপি।